BREAKING NEWS LIVE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 10:18 PM

সারাদেশ

বিজিবির অভিযানে বিজয়নগরে ভারতীয় চোরাচালানি মালামাল জব্দ

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০৮ অক্টোবর ২০২৬, ০৫:৪৯ PM



ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগরে অভিযান চালিয়ে পৌনে দুই কোটি টাকা মূল্যের বিপুল পরিমাণ ভারতীয় চোরাচালানি মালামাল এবং একটি কাভার্ড ভ্যান জব্দ করেছে সরাইল ব্যাটালিয়ন-(২৫ বিজিবি)।

বৃহস্পতিবার (৮ অক্টোবর ২০২৬) ভোরে বিজয়নগর উপজেলার ইসলামপুর এলাকায় অভিযান চালিয়ে এসব মালামাল আটক করা হয়।

বিজিবি সূত্রে জানা যায়,সীমান্ত দিয়ে চোরাচালান প্রতিরোধে বিজিবির মহাপরিচালকের নির্দেশনায় সীমান্ত এলাকায় গোয়েন্দা নজরদারি ও টহল তৎপরতা জোরদার করা হয়েছে। এরই ধারাবাহিকতায় গোপন সংবাদের ভিত্তিতে-৮ অক্টোবর ভোর আনুমানিক-৫টার দিকে সরাইল ব্যাটালিয়নের একটি বিশেষ টহল দল সীমান্ত পিলার ২০০১/এমপি থেকে প্রায়-৫ কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে ইসলামপুর নামক স্থানে অভিযান পরিচালনা করে।

অভিযানকালে সিলেট থেকে ঢাকাগামী একটি কাভার্ড ভ্যানের গতিবিধি সন্দেহজনক মনে হলে বিজিবি সদস্যরা সেটিকে থামিয়ে তল্লাশি

চালান। পরবর্তীতে কাভার্ড ভ্যানের ভেতরে বিশেষ কায়দায় লুকানো অবস্থায় ২,১০০ কেজি ভারতীয় জিরা ও ১৫,৪৯৮ পিস উন্নতমানের সানগ্লাস উদ্ধার করা হয়। একই সাথে চোরাচালানে ব্যবহৃত কাভার্ড ভ্যানটিও জব্দ করা হয়েছে।

জব্দকৃত ভারতীয় মালামাল ও কাভার্ড ভ্যানের আনুমানিক সিজার মূল্য-১ কোটি-৭৬ লাখ ৭১-হাজার টাকা। উদ্ধারকৃত চোরাচালানি মালামাল আখাউড়া কাস্টমস অফিসে জমা দেওয়ার প্রক্রিয়া চলছে বলে জানিয়েছে বিজিবি। সরাইল ব্যাটালিয়ন
(২৫-বিজিবি) জানায়, দায়িত্বপূর্ণ সীমান্ত এলাকা বিজয়নগর, আখাউড়া ও মাধবপুরে নিরাপত্তা রক্ষা এবং চোরাচালান প্রতিরোধে বিজিবির গোয়েন্দা নজরদারি ও আভিযানিক কার্যক্রম অব্যাহত থাকবে।

এ বিভাগের আরও খবর



বেনাপোল সীমান্তে ২৮ লক্ষ টাকা মূল্যের ভারতীয় কসমেটিক্স সামগ্রী আটক
যশোরের বেনাপোল সীমান্তে অভিযান পরিচালনা করে ভারতীয় চোরাচালানী মালামাল আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি সদস্যরা।শনিবার (৩১ অক্ট...



দিরাইয়ে এইচএসসিতে পাসের হার ৪৭.৮২ শতাংশ, এক কলেজে পাস করেনি কেউ
সুনামগঞ্জের দিরাই উপজেলায় ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় ১০টি কলেজ থেকে অংশ নেওয়া ১ হাজার ৮৬১ শিক্ষার্থীর মধ্যে পাস করেছে ৮৯০ জন। উপজেলায় গড় পা...



ব্রাহ্মণবাড়িয়ায় নিষিদ্ধ ছাত্রলীগ নেতা আলামিন গ্রেফতার

ব্রাহ্মণবাড়িয়ায় পুলিশের বিশেষ অভিযানে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের নেতা আলামিন সরকারকে (৩২) গ্রেফতার করা হয়েছে। গতকাল শুক্রবার রাত সাড়ে ৮টা...



চোর ধরায় এমপির বিরুদ্ধে চেষ্টা হচ্ছে অপবাদ, প্রতিবাদে বিএনপির বিক্ষোভ

সংসদ সদস্য অ্যাড. নুরুল ইসলাম নুরুলের বিরুদ্ধে মিথ্যাচারের প্রতিবাদে সুনামগঞ্জ সদর উপজেলা বিএনপি ও পৌর বিএনপির উদ্যোগে সুনামগঞ্জ শহরে বিক্ষো...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://seradealbd.com/saradesh/bijbir-obhijane-bijyngre-bhartij-chorachalani-malamal-jbd